

তারিখ: ২৪/১২/২০২৩ খ্রি.

২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের লক্ষ্যে আগ্রহী প্রার্থীকে আগামী ০৯/০১/২০২৪ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ এবং নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। পূরণকৃত আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান:

- পূরণকৃত আবেদন ও কাগজপত্রাদি কলেজ অফিসে জমাদানের তারিখ: ০১/০১/২০২৪ হতে ০৯/০১/২০২৪ খ্রি.
- আবেদন ফি (রেজিস্ট্রেশন ও অন্যান্য ফিসসহ) সর্বমোট ১,০৮৫/- (এক হাজার পাঁচাশি) টাকা।
- প্রাইভেট কোর্সের ক্ষেত্রে- এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে- স্নাতক (পাস/সম্মান) পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

২। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সের যোগ্যতা:

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২১ সাল বা তৎপূর্বে HSC পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। এছাড়া বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস/সম্মান) নিয়মিত/প্রাইভেট কোর্সে অধ্যয়নরত/রেজিস্ট্রেশনকৃত কোন শিক্ষার্থী ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে।

৩। সার্টিফিকেট কোর্সের যোগ্যতা:

- বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল বিষয় ছাড়া অন্য বিষয়ে (ব্যবহারিক ব্যতীত) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

৪। অনলাইনে আবেদন সম্পর্কিত করণীয়:

- প্রাইভেট কোর্সের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Degree Private) সিলেক্ট করার পর প্রদর্শিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে আবেদন করতে হবে। সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে Blank Data Entry Form (Private Certificate Course) গিয়ে আবেদন করতে হবে।
- পাসপোর্ট সাইজের রঙিন ছবি (120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।
- ছবিসহ সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দেয়ার পর Submit Application অপশন ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।
- চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।


২৪/১২/২০২৩